তোমাদের কেউ যখন সালাতের ইমামতি করে, সে যেন সালাত সংক্ষেপ করে; কেননা, তাদের মধ্যে রয়েছে দুর্বল, রোগী ও কর্মজীবি লোকে। তোমরা যখন নিজেরা একাকী সালাত আদায় করো তখন যতো ইচ্ছা দীর্ঘ করো।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু হিসেবে বর্ণিত, “তোমাদের কেউ যখন
সালাতের ইমামতি করে, সে যেন সালাত সংক্ষেপ করে; কেননা, তাদের মধ্যে রয়েছে দুর্বল,
রোগী ও কর্মজীবি লোকে। তোমরা যখন নিজেরা একাকী সালাত আদায় করো তখন যতো ইচ্ছা দীর্ঘ করো।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম ইমামদের নির্দেশ দিয়েছেন তারা যেন সুন্নত মোতাবেক সালাত সংক্ষেপ করে। তিনি এর কারণ বর্ণনা করেছেন যে, তাদের পিছনে শারীরিক গঠনগত দুর্বল, বার্ধক্যজনিত দুর্বল, রোগাগ্রস্ত ও কর্মজীবি লোকেরা অংশগ্রহণ করেন। অন্যদিকে তারা যখন নিজেরা একাকী সালাত আদায় করবে তখন ইচ্ছা করলে দীর্ঘ করতে পারে আবার ইচ্ছা করলে সংক্ষেপও করতে পারে।

http://sunnah.global/hadeeth/bn/show/5880